

Times Today BD

আন্তর্জাতিক ডেস্ক | আন্তর্জাতিক | 21 June, 2025

ইসরায়েলের বিমান বাহিনী (আইএএফ)-এর হামলায় ইরানের আরও এক পরমাণু বিজ্ঞানী নিহত হয়েছেন। আইএএফের ছোড়া ড্রোনের আঘাতে প্রাণ হারিয়েছেন তিনি। নিহত ওই পরমাণু বিজ্ঞানীর নাম ইসার তাবাতাবেই কামশেহ। শনিবার এক বিবৃতিতে তেহরানের শরিফ ইউনিভার্সিটি নিশ্চিত করেছে এ তথ্য। কামশেহ ওই বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থী ছিলেন।

বিবৃতিতে বলা হয়েছে, রাজধানী তেহরানে যে অ্যাপার্টমেন্ট ভবনে তিনি থাকতেন, সেটি লক্ষ্য করে গত বৃহস্পতিবার ড্রোন হামলা চালিয়েছিল ইসরায়েল। সেই হামলাতেই সক্রিয় প্রাণ হারিয়েছেন কামশেহ; তার স্ত্রীর নাম মানসৌরিয়েহ হাজিসালেম।

গত ১৩ জুন ভোরে ইরানে আইএএফ বিমান হামলা শুরুর পর থেকে এ পর্যন্ত ইরানের সামরিক বাহিনীর বেশ কয়েক জন জ্যেষ্ঠ কমান্ডার এবং পরমাণু বিজ্ঞানী নিহত হয়েছেন। বিবিসির তথ্য অনুযায়ী, গত আট দিনে কামশেহসহ মোট ১০ জন ইরানি পরমাণু বিজ্ঞানী নিহত হয়েছেন।

নিহত বাকি ৯ জন বিজ্ঞানী হলেন—ইরানের পরমাণু শক্তি সংস্থার প্রধান ফেরেয়াদুন আব্বাসি, মোহাম্মদ মেহদি তেহরাঞ্চি, আবদোলহামিদ মিনৌচেহর, আহমাদ রেজা জেলফঘারি, আমিরহোসেন ফেগহি, আকবার মোতালেবিজাদেহ, আলী বাকাই কারিমি, মানসুর আসগারি এবং সাঈদ বুরজি।

সূত্র : বিবিসি

ইরান পরমাণু বিজ্ঞানী ড্রোন হামলা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 05:28

URL: <https://timestodaybd.com/public/international/7758073532>